দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. 02.1999
পৃষ্ঠা ৮ কলাম ১

হাজী দানেশ কৃষি কলেজে ফি বৃদ্ধি

# ছাত্রীদের বিক্ষোভ ধর্মঘট অব্যাহত

দিনাজপুর সংবাদদাতা ॥ হাজী মোঃ দানেশ কৃষি কলেজে ফি বৃদ্ধির প্রতিবাদে ছাত্র ধর্মঘট, বিক্ষোভ মিছিল ও সমাবেশ অব্যাহত রহিয়াছে। যথাযথ কারণ ব্যতীত কর্তৃপক্ষ বাৎসরিক ফিসমূহ আক-

( ৯ম পৃঃ দ্রঃ )

হাজী দানেশ

( ৩য় পৃঃ পর )

স্মিকভাবে অত্যধিক পরিমাণ বৃদ্ধি করিয়াছে। পূর্বে একজন ছাত্রকে বাৎসরিক ভর্তি বেতন হিসাবে ২৬৫/- ও ফাইনাল পরীক্ষার ফি হিসাবে ১৪০/- টাকা দিতে হইত। কিন্তু বর্তমানে তাহা বর্ধিত করিয়া বাৎসরিক ভর্তি বেতন হিসাবে ১৬৩০/- টাকা এবং ফাইনাল পরীক্ষার ফিস হিসাবে ৭৮০/- টাকা ধার্য করা হইয়াছে। অপরদিকে আবাসিক ছাত্রদের হলে ভর্তি ও বাৎসরিক ফিসসমূহ অনুরূপভাবে অত্যাধিক পরিমাণে বর্ধিত হইয়াছে। পূর্বে যাহা ছিল ৪২০/- টাকা বর্তমানে তা ১০৫৬/- টাকা ধার্য করা হইয়াছে। বাংলাদেশ ছাত্রলীগ কৃষি কলেজ শাখার সভাপতি অনিমেষ চন্দ্র হালদার ও সাধারণ সম্পাদক দেবাশীষ চ্যাটার্জী, হাজী মোঃ দানেশ কৃষি কলেজে পূর্ব নির্ধারিত ফিসসমূহ পুনঃবহাল করার দাবীতে গত রবিবার দিনাজপুর প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে এ কথা বলেন। সম্মেলনে দাবী পূরণ না হওয়া পর্যন্ত ছাত্র ধর্মঘট পালন করার আহ্বান জানান হয়।